**AKASHVANI KOLKATA**
**Regional News Unit**

**Date: 25.05.2026** **Time: 1.40 PM**

**বিশেষ বিশেষ খবরঃ–**

১/ মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী, আজ 'জনতার দরবার-এ নাগরিকদের অভাব অভিযোগ শুনেছেন।

২/ রাজ্য সরকার, সমীক্ষা ও যাচাই পর্ব শেষ না হওয়া পর্যন্ত, 'পাড়ায় সমাধান' প্রকল্প স্থগিত রাখার সিদ্ধান্ত নিয়েছে।

# বিভিন্ন দপ্তরের কাজের অগ্রগতি পর্যালোচনা করতে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী, নবান্নে বৈঠকে বসেছেন।

৩/ ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনী- SIR-এ বাদ যাওয়া নাম পুনর্বিবেচনার জন্য গঠিত আপিল ট্রাইবুনালগুলি, এখনও পর্যন্ত সাড়ে ছ'হাজারের বেশি মামলা নিষ্পত্তি করেছে।

৪/ সুপ্রিম কোর্ট, নিট-UG-র প্রশ্ন ফাঁস কান্ডে উদ্বেগ প্রকাশ করে বলেছে, এর আগের একই বিতর্ক থেকে ন্যাশনাল টেস্টিং এজেন্সি কোনো শিক্ষাই নেয়নি।

৫/ নির্ধারিত সময়ের আগেই চিংড়িঘাটায় মেট্রো প্রকল্পের গার্ডার স্থাপনের কাজ সফলভাবে সম্পন্ন হয়েছে বলে জানিয়েছে, মেট্রো রেল।

৬/ কলকাতা সহ দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় আগামী বুধবার থেকে বৃষ্টির সম্ভাবনা।

***********************************************************************

মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী সল্টলেকে বিজেপির কার্যালয়ে 'জনতার দরবার'-এ জনগণের অভাব-অভিযোগ শোনেন। সেখানে নিজেদের দাবিদাওয়ার কথা তুলে ধরেন রাজ্যের বিভিন্ন এলাকার, বিভিন্ন পেশার মানুষ। মুখ্যমন্ত্রীর কাছে যোগ্যতার ভিত্তিতে চাকরি ফেরানোর আবেদন জানান ২৬ হাজার 'বঞ্চিত' চাকরিপ্রার্থীদের প্রতিনিধিরা। কয়েকশো চাকরিপ্রার্থী সকাল থেকেই সেখানে ভিড় করেন। প্রত্যেকের বক্তব্য শুনে যথাযথ পদক্ষেপ করার আশ্বাস দিয়েছেন মুখ্যমন্ত্রী।

উল্লেখ্য, শপথ নেওয়ার পর মুখ্যমন্ত্রী এই কর্মসূচির সূচনা করেছিলেন।

***********************************************************************

রাজ্যে আগামী ১০০ দিনের মধ্যে নতুন জমি নীতি আনা হবে বলে বিজেপির রাজ্য সভাপতি ও সাংসদ শমীক ভট্টাচার্য জানিয়েছেন। কলকাতায় আজ বণিক সভা ভারত চেম্বার অব কমার্সের এক অনুষ্ঠানে তিনি বলেন, নতুন জমি নীতি ছাড়া রাজ্যে কোন কর্মসংস্থান এগোতে পারেনা। রাজ্য সভাপতি বলেন, দল ও সরকারের

মধ্যে বিভাজন রেখা বজায় রেখেই কাজ করা হবে। তাই মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর নেতৃত্বে রাজ্য সরকার এই নতুন জমি নীতি ঘোষণা করবে।

*************************************************************************

রাজ্য সরকার নতুন করে সমীক্ষা ও যাচাই পর্ব শেষ না হওয়া পর্যন্ত পূর্বতন তৃণমূল কংগ্রেস সরকারের ‘পাড়ায় সমাধান’ প্রকল্প আপাতত স্থগিত রাখার সিদ্ধান্ত নিয়েছে। পুরসভা এলাকায় তৃণমূল কংগ্রেস সরকারের আমলে শুরু হওয়া রাস্তা, নিকাশি, পানীয় জল, বাতিস্তম্ভ-র মতো একাধিক প্রকল্পের কাজও আপাতত বন্ধ রাখতে বলা হয়েছে। বিধানসভা নির্বাচনের আগে, টেন্ডার প্রক্রিয়া সম্পূর্ণ হয়েছে, এমন বহু প্রকল্পও বাতিল করা হয়েছে। ভোটের আগে হওয়া কাজের বিল মেটানোর ক্ষেত্রেও শুরু হয়েছে অডিট ও ‘ফিজিক্যাল ভেরিফিকেশন’। প্রকল্পের প্রয়োজনীয়তা, টেন্ডার প্রক্রিয়ার স্বচ্ছতা খতিয়ে দেখার পরে নতুন করে দরপত্র দেওয়া হবে।

*************************************************************************

বিভিন্ন দপ্তরের কাজের অগ্রগতি পর্যালোচনা করতে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী নবান্নে বৈঠকে বসেছেন। মুখ্যসচিব, স্বরাষ্ট্রসচিব ছাড়াও বিভিন্ন দপ্তরের সচিব ও আধিকারিকরা সেখানেই উপস্থিত রয়েছেন।

এদিকে জেলা সফরে মুখ্যমন্ত্রী আগামীকাল নদীয়ার কল্যাণীতে প্রশাসনিক বৈঠক করবেন। কল্যাণীর এপিজে আবদুল কালাম অডিটোরিয়ামের এই বৈঠকে হুগলী, নদীয়া ও উত্তর ২৪ পরগনা জেলা প্রশাসনিক কর্তাদের উপস্থিত থাকতে বলা হয়েছে।

*************************************************************************

ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনী- SIR-এ বাদ যাওয়া নাম পুনর্বিবেচনার জন্য গঠিত আপিল ট্রাইবুনালগুলি, এখনও পর্যন্ত সাড়ে ছ হাজারের বেশি মামলা নিষ্পত্তি করেছে। এর মধ্যে প্রায় ৪’হাজার ২০০ জনের নাম ফের ভোটার তালিকায় অন্তর্ভুক্ত করা হয়েছে বলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক এর দপ্তর সূত্রে জানা গিয়েছে। নিষ্পত্তি হওয়া মামলার ৬১ শতাংশেরও বেশি ক্ষেত্রে আবেদনকারীদের পক্ষেই রায় দিয়েছে ট্রাইবুনাল।

সুপ্রিম কোর্টের নির্দেশে গত ২০ মার্চ ১৯টি আপিল ট্রাইবুনাল গঠন করা হয়। বর্তমানে এর মধ্যে ১২টি ট্রাইবুনাল সক্রিয়ভাবে কাজ করছে। এখনও পর্যন্ত প্রায় ২৫ লক্ষ আবেদন জমা পড়েছে।

*************************************************************************

সরকারি হাসপাতালে দালাল চক্র সহ বিভিন্ন দুর্নীতি বন্ধ এবং বহিরাগতদের প্রবেশ আটকাতে রাজ্য সরকার, প্রথম ধাপে কলকাতার পাঁচটি মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসক এবং স্বাস্থ্যকর্মীদের জন্য বিশেষ পরিচয়পত্র চালু করেছে। চিকিৎসক, ল্যাবরেটরি কর্মী, অধ্যাপক, চতুর্থ শ্রেণীর কর্মী, সাফাইকর্মীর মত

প্রত্যেক বিভাগের জন্য আলাদা রঙ-এর পরিচয় পত্র তৈরি করা হয়েছে। প্রতিটি হাসপাতালে একজন করে নোডাল আধিকারিক এই কাজের সমন্বয় এবং তদারকি করবেন। আজ থেকে নতুন পরিচয় পত্রের জন্য রেজিস্ট্রেশন শুরু হয়েছে। আগামী বুধবারের মধ্যে এই কাজ সম্পূর্ণ করতে হবে বলে নির্দেশ দিয়েছে স্বাস্থ্য দপ্তর।

************************************************************************

সুপ্রিম কোর্ট, ডাক্তারিতে স্নাতক স্তরে ভর্তির প্রবেশিকা পরীক্ষা নিট-UG-র প্রশ্ন ফাঁস কান্ডে উদ্বেগ প্রকাশ করে বলেছে, এর আগের প্রশ্ন ফাঁস বিতর্ক থেকে ন্যাশনাল টেস্টিং এজেন্সি কোনো শিক্ষাই নেয়নি। বিচারপতি পি এস নরসিমহা এবং অলোক আরাধে-র বেঞ্চ আজ এই সংক্রান্ত মামলার শুনানিতে NTA-এর ভূমিকা নিয়ে অসন্তোষ প্রকাশ করেন। এই পরীক্ষা পরিচালনার দায়িত্ব, অন্য কোনো সংস্থাকে দেওয়ার যে দাবী উঠেছে সে বিষয়ে কেন্দ্র, NTA এবং CBI-এর বক্তব্য জানতে চেয়েছে শীর্ষ আদালত।

************************************************************************

ন্যাশনাল টেস্টিং এজেন্সি আগামী ২৮-শে মে-র বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য অভিন্ন প্রবেশিকা পরীক্ষা স্হগিত রেখেছে। এন টি এ জানিয়েছে, ঈদ-উল-আজহা বা বখরি ঈদের ছুটি সরকার পরিবর্তন করায় পরীক্ষা স্হগিত রাখা হলো। পরীক্ষার নতুন তারিখ পরে ঘোষণা করা হবে। NTA পরীক্ষার্থীদের নিয়মিত তাদের ওয়েবসাইট দেখার পরামর্শ দিয়েছে। প্রয়োজনে পরীক্ষার্থীরা cuet-ug@nta.ac.in-এ মেল করতে পারেন।

************************************************************************

নির্ধারিত সময়ের আগেই আজ ভোরে চিংড়িঘাটায় গার্ডার স্থাপনের কাজ সফলভাবে সম্পন্ন হয়েছে বলে মেট্রো রেলের তরফে জানানো হয়েছে। রাজ্য সরকারের সক্রিয় সহযোগিতায় ১২০ ঘন্টারও কম সময়ে দু'দফায় মেট্রো লাইনের কাজ শেষ হয়েছে। পূর্বতন তৃনমূল কংগ্রেস সরকারের আমলে যান চলাচল নিয়ন্ত্রণের অনুমতি না মেলায় প্রায় দেড় বছর চিংড়িঘাটা মেট্রো প্রকল্পের কাজ আটকে ছিল। পর পর দুই সপ্তাহ যান চলাচল নিয়ন্ত্রণ করে এই কাজ সম্পন্ন হয়।

************************************************************************

নানা অনুষ্ঠানে বিপ্লবী রাসবিহারী বসুর ১৪০তম জন্মবার্ষিকীতে তাঁর প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করা হচ্ছে। দেশকে ব্রিটিশ শাসন মুক্ত করতে আজীবন লড়াই সংগ্রাম করেছেন রাসবিহারী বসু। দেশকে পরাধীনতার হাত থেকে মুক্ত করতে সিঙ্গাপুরে তিনি গঠন করেছিলেন আজাদ হিন্দ ফৌজ।

হুগলীর চন্দননগর কলেজের সামনে রাসবিহারী বসুর মূর্তিতে মাল্যদান করে শ্রদ্ধা জানানো হয়। রাসবিহারী বসুর মামার বাড়ি ভদ্রেশ্বরের বিঘাটী গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত পালাড়া গ্রামে এই উপলক্ষ্যে বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

*************************************************************************

শিক্ষাবিদ, আইনজীবী, বিচারক, গণিতজ্ঞ স্যার আশুতোষ মুখোপাধ্যায়ের ১০২-তম প্রয়াণ বার্ষিকীতে তাঁকে সশ্রদ্ধ চিত্তে স্মরণ করা হচ্ছে। স্যার আশুতোষ মুখোপাধ্যায়-এর তেজস্বী, দৃঢ় চেতা, মনোভাবের জন্য তাঁকে, 'বাংলার বাঘ' বলা হতো।

*************************************************************************

কলকাতার হেস্টিংস থানা এলাকায় বাতিস্তম্ভের আলো ভেঙে পড়ে এক শিশুর মৃত্যু হয়েছে। আজ সকালে ওই বাতিস্তম্ভের নীচে বসে খেলার সময় এলাকারই বাসিন্দা ৬ বছরের গুড়িয়া খাতুনের মাথায় ১০ কেজি ওজনের আলো ভেঙে পড়ে। গুরুতর আহত অবস্হায় ওই শিশু কন্যাকে SSKM হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসকেরা মৃত ঘোষণা করে। রক্ষণাবেক্ষণের অভাবের জেরেই এই দুর্ঘটনা বলে স্হানীয়দের দাবি।

*************************************************************************

কলকাতা হাইকোর্টের আইনজীবী ফিরোজ এডুলজি, প্রয়াত। বয়স হয়েছিল ৭০ বছর। দীর্ঘদিন লিভারের সমস্যায় ভুগছিলেন তিনি।

কামদুনি, আরজি কর মামলার সঙ্গে যুক্ত ছিলেন এই আইনজীবি। বিজয় সিঙ্ঘল মামলাতেও তাঁর সওয়ালের প্রেক্ষিতে তৎকালীন হাইকোর্টের প্রধান বিচারপতি টিএস শিবজ্ঞানম, সিবিআই তদন্তের নির্দেশ দেন। এ ছাড়াও, ইডির হয়ে অনেক মামলা লড়েছেন ফিরোজ এডুলজি।

*************************************************************************

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মূর প্রস্তাবিত সিকিম সফরকালে নাথুলা যাওয়ার রাস্তায় যাত্রী চলাচল নিয়ন্ত্রিত করা হবে। আগামীকাল থেকে ২৮ তারিখ পর্যন্ত রাষ্ট্রপতির সিকিম সফরের কথা। ছাঙ্গুলেকে যাওয়ার জন্য ২৬ থেকে ২৮-শে মে পর্যন্ত কোন ভ্রমণ পাশ ইস্যু করা হবে না।

*************************************************************************

মুর্শিদাবাদের হরিহরপাড়ায় আগ্নেয়াস্ত্র সমেত দুই ব্যক্তিকে গ্রেফতার করেছে পুলিশ। গোপন সূত্রে খবরের ভিত্তিতে গতরাতে স্বরূপপুর ছাতিমতলা এলাকা থেকে ওই দুই যুবককে পাকড়াও করা হয়। ধৃত সাবির আলি বিশ্বাস এবং সেলিম রেজা মিস্ত্রির কাছ থেকে উদ্ধার হয়েছে একটি দেশি পিস্তল ও দুটি কার্তুজ।

*************************************************************************

পশ্চিম এশিয়ায় সংকটের প্রেক্ষিতে দেশে পেট্রল ও ডিজেলের দাম ফের বাড়িয়েছে তেল সংস্হাগুলি। কলকাতায় পেট্রলের দাম লিটার পিছু ২ টাকা ৮৭ পয়সা বেড়ে হয়েছে ১১৩ টাকা ৫১ পয়সা। অন্যদিকে, ডিজেলের দাম লিটার পিছু ২ টাকা ৮০ পয়সা বেড়ে হয়েছে ৯৯ টাকা ৮২ পয়সা।

**********************************************************************

কলকাতা সহ দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় আগামী বুধবার থেকে বৃষ্টির সম্ভাবনা রয়েছে বলে আলিপুর আবহাওয়া দফতর জনিয়েছে। এরফলে ঘর্মাক্ত ও অস্বস্তিকর আবহাওয়া থেকে কিছুটা রেহাই পাওয়া যাবে। তবে তার আগে অস্বস্তিকর আবহাওয়া বজায় থাকবে। পশ্চিমের জেলাগুলিতেও  বেশি থাকবে তাপমাত্রা।

অন্যদিকে উত্তরবঙ্গের জেলাগুলিতে আগামী দুদিন ভারী বৃষ্টির সম্ভাবনা থাকলেও ২৭ তারিখ থেকে তা কমবে বলে আলিপুর আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী ডঃ সৌরিশ বন্দোপাধ্যায় জানিয়েছেন।

(বাইট – সৌরিশ)

দক্ষিণ দিনাজপুর জেলার বংশীহারী ব্লকে কালবৈশাখীর তাণ্ডবে ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে। গতরাতে শতাধিক গাছ এবং বিদ্যুতের খুঁটি উপড়ে যায়। এর জেরে বুনিয়াদপুর-রায়গঞ্জ রাজ্য সড়কে যান চলাচল সম্পূর্ণ স্তব্ধ হয়ে যায়। বালুরঘাট-শিলিগুড়িগামী বহু দূরপাল্লার বাস মাঝরাস্তায় আটকে পড়ে। তবে প্রাণহানির কোন খবর নেই। বংশীহারী থানার পুলিশ ও বিদ্যুৎ দপ্তরের কর্মীরা গাছ সরিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনেন। বিদ্যুতের খুঁটি উপরে পড়ায় বিঘ্নিত হয় পরিষেবা ।

এদিকে, কালবৈশাখীর তান্ডবে জলপাইগুড়ির মালবাজার সহ পার্শ্ববর্তী এলাকা ক্ষতিগ্রস্ত। একাধিক এলাকায় বিদ্যুতের তার ছিঁড়ে পড়ায় পরিষেবা ব্যাহত হয়। যদিও বিদ্যুৎ দফরের কর্মীরা তৎপরতার সঙ্গে কাজ করে পরিস্হিতি নিয়ন্ত্রণে আনে।

**********************************************************************